www.xtrapapers.com

Cambridge Assessment International Education

# Cambridge O Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

*2114803793*

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2021**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**
- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**
- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.


© UCLES 2021
[Turn over

www.xtrapapers.com



## Section A
## বিভাগ : ক

### Combination of words

সন্ধি

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি কর।

1 আশা + অতীত

.................................................................................................................................... [2]

2 উদ + ফুল্ল

.................................................................................................................................... [2]

3 ক্ষুধা + ঋত

.................................................................................................................................... [2]

4 সম + কার

.................................................................................................................................... [2]

5 নিঃ + চয়

.................................................................................................................................... [2]

www.xtrapapers.com



## Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ কর।

| | |
|---|---|
| **(1)** ভরাডুবি | **(6)** বোঝার ওপর শাকের আঁটি |
| **(2)** ঝাঁকের কই | **(7)** আঙুল ফুলে কলাগাছ |
| **(3)** কড়ায় গণ্ডায় | **(8)** সাত ঘাটের জল খাওয়া |
| **(4)** মরা হাতির দাম লাখ টাকা | **(9)** ব্যাঙের সর্দি |
| **(5)** আকাশ থেকে পড়া | **(10)** মান-সম্মান |

**6** তোমার কোনো কথাই শুনব না; আমার পাওনা আমি .............. বুঝে নেব। [2]

**7** অসৎ লোকের সঙ্গে ব্যবসা করতে গিয়ে কিছুদিনের মধ্যেই খান সাহেবের .............. হল। [2]

**8** অফিসে মোটা বেতনের চাকরীটা পেয়ে সুমন একেবারে .............. হয়ে গেছে। [2]

**9** তোমার .............. জ্ঞান কি নেই, এতটা অপমানের পরেও তোমার লজ্জা হয় না? [2]

**10** এমনিতেই সংসার চলে না, তার ওপর বাড়ি মেরামতের বাড়তি খরচ এসে পড়ল, এ যেন .............. আর কি! [2]

© UCLES 2021

www.xtrapapers.com



**Sentence transformation**
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** আমি তোমার কথা চিরকাল মনে রাখব।

........................................................................................................... না। [2]

**12** তাঁর মহত্ত্বের কথা আমরা ভুলতে পারি না।

তাঁর ........................................................................................................... ? [2]

**13** অভিজ্ঞতা ছাড়া তোমার পক্ষে কাজটি করা খুব সহজ হবে না।

........................................................................................................... হবে। [2]

**14** মেয়েটির রঙ কালো হলেও তার চেহারাটা খুব মিষ্টি।

মেয়েটির ........................................................................................................... । [2]

**15** ভদ্রলোকটি আমাকে ভেতরে গিয়ে বসতে অনুরোধ করলেন।

ভদ্রলোকটি বললেন, " ........................................................................................................... ।" [2]

www.xtrapapers.com



## Cloze Passage

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ কর।

বাংলাদেশকে বলা হয় 'বারো মাসে তেরো পার্বণের দেশ'। প্রাচীনকালে উৎসবমুখর বাঙালি যেসব প্রথাগত উৎসব ও পার্বণ পালন করত, সাম্প্রতিককালে সেসব উৎসব পালনের কারণে **(16)** ___________ এসেছে। যেমন, প্রাচীন উৎসব 'আমানী' আড়ম্বরহীন হলেও চৈত্র সংক্রান্তির দিনে ঘরে বসে এ উৎসব **(17)** ___________ হত। কিন্তু গ্রামীণ জীবনে এখন এভাবে আর এই উৎসব চোখে পড়ে না। আগের দিনে বাংলা **(18)** ___________ অগ্রহায়ণ মাসে পালিত হত। অগ্রহায়ণ ফসল কাটার মাস। তাই তখন **(19)** ___________ মধ্য দিয়ে এই উৎসব পালন করা হত। এ ছিল কৃষকের ফসল ঘরে ওঠার জন্য সৃষ্টিকর্তাকে **(20)** ___________ প্রকাশ। সম্প্রতি বাংলাদেশের উৎসবগুলোতে ধর্মনিরপেক্ষতা, জাতীয় ও **(21)** ___________ সঙ্গে যুক্ত হয়েছে **(22)** ___________ জীবনবোধ। উৎসবপ্রিয় বাঙালি জাতি তার সাংস্কৃতিক ঐতিহ্যকে নানা উৎসব ও পার্বণের মাধ্যমে **(23)** ___________ করে রেখেছে। এসব উৎসব পালনের মধ্য দিয়ে মানুষে মানুষে জাতিধর্ম ও বর্ণ নির্বিশেষে ভ্রাতৃত্ব ও গভীর **(24)** ___________ গড়ে উঠেছে। জাতীয় সংহতি ও ঐতিহ্যের মূল্যায়নে তাই বাঙালিদের কাছে উৎসবের **(25)** ___________ অপরিসীম। এসব উৎসব এখন বাংলাদেশের সীমানা পেরিয়ে বিশ্বের অন্যান্য দেশের বাঙালি সমাজেও ছড়িয়ে পড়েছে।

| | | |
|---|---|---|
| নবান্নের | উদযাপিত | কৃতজ্ঞতা |
| জীবনে | আধুনিক | জাতীয় |
| পরিবর্তন | সংঘাত | নববর্ষ |
| উৎসব | গুরুত্ব | ফসলের |
| সংস্কৃতির | মেলবন্ধন | প্রাণবন্ত |

[20]

www.xtrapapers.com



## Section B
## বিভাগ : খ

**Multiple choice comprehension**

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

**26** কী কারণে গ্রাম বাঙলায় মৃৎশিল্প গড়ে ওঠে?

- **A** ☐ কমদামী মালমশলা দিয়ে শৌখিন সামগ্রী গড়ার প্রয়োজনে।
- **B** ☐ সহজলভ্য ও সস্তা উপকরণ দিয়ে গৃহস্থালীর জিনিসপত্র গড়ার তাগিদে।
- **C** ☐ ঐতিহ্য বজায় রাখার জন্য ভাস্কর্য গড়ার তাগিদে।
- **D** ☐ কারুকার্যপূর্ণ ঘর সাজাবার জিনিস বানানোর জন্য। [2]

**27** কিছু সংখ্যক লোক মৃতশিল্পকে আরও শোভনীয় করার জন্য ............... ।

- **A** ☐ মাটির কাজে কয়েক পুরুষ ধরে দক্ষতা অর্জন করে
- **B** ☐ মাটির পাত্র গড়ে নিজ নিজ পরিবারের সবাই জীবিকা নির্বাহ করে
- **C** ☐ মাটির পাত্রগুলিতে রঙ-তুলি দিয়ে রঙ-বেরঙের ছবি আঁকে
- **D** ☐ মাটির পাত্র তৈরির জন্য একটি পেশাজীবী সম্প্রদায় গড়ে তলে [2]

**28** নকশি কাঁথা খুব সৃজনশীল শিল্প কারণ ............... ।

- **A** ☐ লোকজন এটিকে ঘর সাজাবার জন্য ব্যবহার করে বলে
- **B** ☐ এই লোকশিল্পে বিদেশ থেকে আসা লোকজনের প্রভাবের জন্য
- **C** ☐ বিশেষজ্ঞরা এটিকে রঙ-বেরঙের সূতার নকশায় আকর্ষণীয় করেছে
- **D** ☐ গ্রামের মহিলারা মনের আনন্দে ও সৃজনশীলতার টানে এই কাঁথা তৈরি করত [2]

www.xtrapapers.com



**29** বর্তমানকালে আলপনা আঁকায় কী ধরনের বৈশিষ্ট্য দেখা যায়?

| | | |
|---|---|---|
| **A** | | ধর্মীয় অনুষ্ঠানে আজকাল চালের গুঁড়ার মণ্ড বানিয়ে আলপনা আঁকা হয়। |
| **B** | | সামাজিক অনুষ্ঠানে চালের গুঁড়ার সঙ্গে গুঁড়া রঙ ও পানি মিশিয়ে আলপনা আঁকা হয়। |
| **C** | | ধর্ম নিরপেক্ষ অনুষ্ঠানে শুধুমাত্র তরল রঙ দিয়ে স্মরণীয় জায়গাগুলোতে আলপনা আঁকা হয়। |
| **D** | | পূজা ও গায়ে হলুদে মণ্ডের সঙ্গে তরল পদার্থ মিশিয়ে লতাপাতার আলপনা আঁকা হয়। |

[2]

**30** চতুর্থ অনুচ্ছেদে উল্লেখিত ধাতু সামগ্রী সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক?

| | | |
|---|---|---|
| **A** | | ব্যয়সাপেক্ষ স্বর্ণালঙ্কার যাদের ক্রয় ক্ষমতার বাইরে তারা রুপা ব্যবহারেই সন্তুষ্ট থাকত। |
| **B** | | মিনা করা সোনার গহনা সব ধরনের লোকজনের মধ্যে জনপ্রিয় হয়েছিল। |
| **C** | | পিতল ও কাঁসার সামগ্রী রুপার গহনার তুলনায় ছিল বেশ ভারী ও সস্তা। |
| **D** | | কিছু সংখ্যক লোকজনের মধ্যে সবসময়ই সোনা ও রুপার সমান চাহিদা ছিল। |

[2]

**31** বাংলাদেশের বিশেষ কয়েকটি অঞ্চলে হাতে বোনা পাটি মূল্যবান ছিল কেন?

| | | |
|---|---|---|
| **A** | | আদিকাল থেকে এদের বোনা পাটি শয়ন ও আসন গ্রহণে ব্যবহৃত হয়ে আসছে। |
| **B** | | মাদুরের চেয়ে অনেক দামী ও বিলাসবহুল ছিল এদের তৈরি শীতলপাটি। |
| **C** | | এসব এলাকার যে মেয়েরা সেরা পাটি বুনত বিয়ের বাজারে তাদের দাম বেড়ে যেত। |
| **D** | | এই অঞ্চলে প্রচণ্ড গরমে শীতলপাটি বিছিয়ে অতিথিদের শুতে দেওয়া হত। |

[2]

**32** গ্রামীণ লোকশিল্পের ব্যাপারে কোন তথ্যটি সঠিক নয়?

| | | |
|---|---|---|
| **A** | | বর্ধিতহারে শিল্পায়ন ও উন্নত প্রযুক্তির ব্যবহারে গ্রামীণ শিল্পের ধারা হ্রাস পেয়েছে। |
| **B** | | গ্রামীণ শিল্পীদের নিজস্বতা আর খুঁজে পাওয়া যায় না। |
| **C** | | আধুনিক যন্ত্রপাতির ব্যবহারে হস্তশিল্পের স্বকীয়তা ও রূপান্তর বৃদ্ধি পেয়েছে। |
| **D** | | এই আধুনিক প্রযুক্তিতে তৈরি শিল্পের ধারায় ও বাহ্যিক চেহারায় এখনও বাঙালি বৈশিষ্ট্য দেখা যায়। |

[2]

www.xtrapapers.com



## Section C
## বিভাগ : গ

### OE Comprehension

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** নম্বর প্রশ্নের উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না। *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)।*

**33** রেলস্টেশনটিকে লেখক কীভাবে বর্ণনা করেছেন? **চারটি** বিষয় লেখ।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................
[6]

**34** রবীন্দ্রনাথ কীভাবে পতিসরে যাতায়াত করতেন? **চারটি** বিষয় লেখ।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................
[6]

www.xtrapapers.com



**35** স্টেশন থেকে পতিসরের যাত্রাপথে লেখকের যেসব **বিরক্তিকর ও আনন্দময়** অনুভূতি হয়েছিল তার **দুটি** করে উদাহরণ দাও।

**বিরক্তিকর** অনুভূতি:

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

**আনন্দময়** অনুভূতি:

.......................................................................................................................................

.......................................................................................................................................

....................................................................................................................................... [6]

**36** কাছারিবাড়িতে পৌঁছানোর পর লেখকের কী ধরনের অভিজ্ঞতা হল? **চারটি** বিষয় লেখ।

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

....................................................................................................................................... [6]

**37** পঞ্চম অনুচ্ছেদে কাছারিবাড়িটিকে কীভাবে বর্ণনা করা হয়েছে? **চারটি** বর্ণনা দাও।

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

....................................................................................................................................... [6]

www.xtrapapers.com



**38** স্থানীয় কৃষকদের সঙ্গে রবীন্দ্রনাথের যে আন্তরিকতা ছিল, **চারটি** উদাহরণ দিয়ে তা বুঝিয়ে দাও।

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

[6]

## Vocabulary

শব্দার্থ

এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখ।

**39** প্রাচীন

.............................................................................................................................. [2]

**40** প্রেরণা

.............................................................................................................................. [2]

**41** মনোলোভা

.............................................................................................................................. [2]

**42** অনুলিপি

.............................................................................................................................. [2]

**43** বিস্মিত

.............................................................................................................................. [2]

www.xtrapapers.com



**BLANK PAGE**

www.xtrapapers.com



BLANK PAGE

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which itself is a department of the University of Cambridge.